

সিলিয়ার সিস্টেম এনালিষ

- সিস্টেম এনালিষ/ সিলিয়ার প্রোগ্রাম
- প্রোগ্রাম
- মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
- সংযোগ ই-১/ সংযোগ ই-২
- নথি

তারিখ: ০৬/০২/২০২১

স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২০-১১৩৮; তারিখ: ০৬/১২/২০২০; ২. স্মারক নং-

৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২০-১২০৫; তারিখ: ২১/১২/২০২০; ৩. স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২১-৮৬; তারিখ: ১২/০১/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রাষ্ট্রগোবেষণা অধিদাখা।
www.rthd.gov.bd

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ২০২০-২০২১ অর্থবছরে কুমিল্লা, ময়মনসিংহ ও ঢাকা সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচি অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের স্মারক নং-১. ৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২০-১১৩৮; তারিখ: ০৬/১২/২০২০; ২. স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২০-১২০৫; তারিখ: ২১/১২/২০২০; ৩. স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৩৮.০০৩.২১-৮৬; তারিখ: ১২/০১/২০২১

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রেরিত প্রস্তাৱ এবং গুরুত্ব ও ক্ষতিগ্রস্ততা বিবেচনায় কুমিল্লা, ময়মনসিংহ ও ঢাকা সড়ক জোনের নিম্নোক্ত শর্ত আৱেগ সাপেক্ষে চলতি ২০২০-২০২১ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচিতে অনুমোদন নির্দেশক্রমে প্রদান কৰা হৈলঃ

ক্রম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের নাম	মহাসড়কের চেইনেজ (শুরু এবং শেষের স্থানীয় নামসহ)	দৈর্ঘ্য (কিলোমিটার)	প্রাক্তিক ব্যয় (লক্ষ টাকায়)	প্রস্তাৱিত কাজের ধৰন
০১	ফেনী	ছাগলনাইয়া-মুহূরীগঞ্জ সড়ক (জেড-১০৩২)	০+০০০-১১+৩০০ ছাগলনাইয়া বাজাৰ হতে মুহূরীগঞ্জ	১১.৩০০	২২৬৩.৬২	আংশিক প্রশস্তকৰণ ও মজবুতীকৰণসহ সাফেসিং কাজ
০২	ময়মনসিংহ	ময়মনসিংহ-ফুলবাড়ীয়া (জেড-৩০৩৫) সড়ক	০+০০০-৩+৩০০	৩.৩০০	৪৬৭.৩১	মেৰামতসহ ডিবিএস ওয়ারিং কাজ
০৩	মুগীগঞ্জ	ফতুল্লা-মুগীগঞ্জ-লৌহজং-মাওয়া সড়ক (আর-৮১২)	৯+২৫০ মিটাৰ (মুক্তারপুর) হতে ৮১+০০০ মিটাৰ (শিমুলিয়া মোড়)	৩০.৯৭০	১৪৯৫.৫২	ডিবিএসটি এবং রিজিড পেভিমেন্ট
মোটঃ					৪২২৬.৮৫	


শর্তঃ

- ১। ২০২০-২০২১ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য ইঞ্জিপি পদ্ধতিতে দৰপত্ৰ আহবান কৰতে হবে;
- ২। সওজ অধিদপ্তরের সৰ্বশেষ অনুমোদিত ২০১৯ সালের ৱেইট অফ সিডিউল অনুযায়ী দৰপত্ৰ আহবান কৰতে হবে;
- ৩। দৰপত্ৰে অংশগ্রহণকাৰী সকল প্রতিষ্ঠানের পূৰ্ণ নাম উল্লেখ কৰতে হবে। Joint Venture (JV) এৰ ক্ষেত্ৰে পিপিআৱ-২০০৮ এৰ বিধি বিধান যথাযথভাৱে অনুসৰণ কৰতে হবে;
- ৪। DBS Wearing Course ও DBS Base Course এৰ ব্যৱহাৰ বিটুমিন ৬০/৭০ গ্ৰেড মানেৰ হতে হবে;
- ৫। গত ৩(তিনি) অর্থবছরে মধ্যে DBST এবং ন্যূনতম গত ৪(চাৰ) অর্থবছরে �DBS Wearing Course এৰ কাজ হয়েছে এৱলোকন কৰতে হবে;
- ৬। কাজেৰ গুণগত মান বজায় রাখাৰ লক্ষ্যে ১০ কোটি টাকাৰ উৰ্ধ্ব মূল্যৰ প্যাকেজ কৰতে হবে এবং নিৰ্মাণ কাজেৰ জন্য ঠিকাদাৰকে অৰশ্যাই Asphalt Batching plant ব্যৱহাৰ কৰতে হবে। শুধুমাত্ৰ বিশেষ পৰিস্থিতিতে অত্ৰ বিভাগেৰ অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকাৰ নিম্নেৰ প্যাকেজ কৰা যাবে;
- ৭। ২০২০-২০২১ অর্থবছরে কর্মসূচিৰ আওতাভূক্ত যে সকল মহাসড়কেৰ বিষয়ে HDM এৰ কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কেৰ বিষয়ে সংশ্লিষ্ট মনিটোৰিং টিমেৰ লিখিত সুপারিশ ব্যতীত দৰপত্ৰ আহবান কৰা যাবে না;
- ৮। বাৰ্ষিক উন্নয়ন কৰ্মসূচিৰ আওতায় কোন কাজ চলমান আছে এৱলোকন মহাসড়ক বা মহাসড়কাংশ কৰ্মসূচিৰ আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই কৰে বাদ দিতে হবে;
- ৯। মহাসড়কেৰ অবহা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কৰ্মসূচিৰ আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই কৰে বাদ দিতে হবে;
- ১০। বৰ্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ কৰা যাবে না;
- ১১। ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত কর্মসূচি বাস্তবায়নেৰ জন্য প্রতিটি প্যাকেজেৰ নিৰ্বাচিত ঠিকাদাৰকে কাজ সমাপ্তিৰ নিমিত্ত কাজ শুৱৰ তারিখ হতে (Notice to commence) সবোৰ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্ৰদত্ত সময়েৰ মধ্যে বৰ্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বৰ বা অংশ বিশেষ অন্তৰ্ভুক্ত থাকলে সে সময়কাল অতিৰিক্ত হিসেবে কাৰ্যাদেশে অন্তৰ্ভুক্ত কৰা যাবে।
- ১২। পিপিআৱ-২০০৮ এৰ বিধি ৬১(৪) অনুযায়ী দৰপত্ৰ প্রস্তাৱ দাখিলেৰ জন্য নিৰ্ধাৰিত ন্যূনতম সময়সীমা ২৮ দিন দিয়ে দৰপত্ৰ আহবান কৰতে হবে। তবে অনিবার্য কোন কাৰণে দৰপত্ৰ দাখিলেৰ সময়সীমা বৃদ্ধিৰ প্ৰয়োজন হলে তা পিপিআৱ-২০০৮ এৰ বিধান মতে কৰতে হবে;

অপৰ পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে

- ১৩। ঠিকাদার কর্তৃক উদ্ভৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন, ২০১৬ (১ আগস্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Asphalt Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Asphalt Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Asphalt Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজরিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- ১৬। কোন ধরনের তৈত্তা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিশ্চ বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ১৮। ২০২০-২০২১ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে Defect Liability Period ৩(তিনি) বছর হবে;
- ১৯। ২০২০-২০২১ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ভোরলে এর কাজ করা যাবে না;
- ২০। ২০২০-২০২১ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচির ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার স্তোবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ভোরলে এর কাজ করা যাবে না;
- ২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ
- ২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নূন্যতম Class-35 এবং জেলা মহাসড়কের নূন্যতম Class-30 মানের হতে হবে;
- ২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদণ্ডের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচি বাস্তবায়ন করতে হবে;
- ২৪। অন্যান্য প্রযোজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদণ্ডের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে;
- ২৫। প্রতিটি কর্মসূচিতে প্রযোজন অনুযায়ী রোড মার্কিং, সাইন-সিগন্যাল অন্তর্ভুক্ত করতে হবে;
- ২৬। অনুমোদিত কর্মসূচির সাথে আহরানকৃত দরপত্রের মিল থাকতে হবে (যেমন: চেইনেজ, প্রাক্লিত মূল্য, মহাসড়কের নাম, কাজের স্থানীয় নাম ইত্যাদি); এবং
- ২৭। কোনো ধরণের অসংগতি পরিলক্ষিত হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণপূর্বক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।


দীপঙ্কর মচ্ছল ১২/১২/২০২৫
উপসচিব

ফোন: ৯৫১৪০৭৫
dsmaintenace@rthd.gov.bd



প্রধান প্রকৌশলী,
সড়ক ও জনপথ অধিদণ্ডের,
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা/ময়মনসিংহ ও ঢাকা সড়ক জোন,
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,
- ৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৫। অফিস কপি/ মাস্টার কপি।